# সমাপনী পরীক্ষার পূর্ব প্রস্তুতি

## ইসলাম ও নৈতিক শিক্ষা

**সময় : ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ১০০**

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখ:** **১ × ৫০ = ৫০**

১। মহান আল্লাহ কীভাবে মানুষের জন্য চিরদিনের পানি সরবরাহ নিশ্চিত করেছেন?

ক) বৃষ্টির মাধ্যমে খ) মেঘের মাধ্যমে গ) পানিচক্রের মাধ্যমে ঘ) নদীর মাধ্যমে

২। কবরের সওয়াল জওয়াব সহজ হবে কীভাবে?

ক) শিক্ষকের কথা শুনলে খ) গুণীজনকে অনুকরণ করে গ) নবি-রাসুলের পথে চলে ঘ) পিতামাতাকে অনুকরণ করে

৩। সব সৃষ্টিকে আল্লাহ তায়ালা কার আজ্ঞাবহ করে দিয়েছেন?

ক) নিজের খ) ফেরেশতাদের গ) শয়তানের ঘ) মানুষের

৪। গাছপালা, পশুপাখি, জীবজন্তু সবারই নিচের কোনটির প্রয়োজন হয়?

ক) বিবেক খ) বুদ্ধি গ) খাদ্য ঘ) জ্ঞান

৫। আমরা সুখে-দুঃখে মহান আল্লাহর ওপর ভরসা করি কারণ আল্লাহ-

ক) সর্বদ্রষ্টা খ) সর্বশ্রোতা গ) রিজিকদাতা ঘ) সর্বশক্তিমান

৬। মন্দ কাজের জন্য শাস্তি পেতে হয়। চিরস্থায়ী শাস্তির স্থান হিসেবে তুমি কোনটিকে চিহ্নিত করবে?

ক) কবর খ) জেলখানা গ) কিয়ামত ঘ) জাহান্নাম

৭। আমরা কখনো মিথ্যা সাক্ষ্য দেব না, কারণ –

ক) আল্লাহ সব শোনেন খ) জরিমানা হতে পারে গ) নিজের ক্ষতি হবে ঘ) লোকে মন্দ বলবে

৮। ইসলামের পথে চলতে চাইলে আল্লাহর গুণাবলি সম্পর্কে থাকতে হবে –

ক) ধারণা খ) একাগ্রতা গ) সচেতনতা ঘ) সার্বিক জ্ঞান

৯। ধনী গরিবের বৈষম্য দূর হয় কীভাবে?

ক) হজ্ব করলে খ) সালাত আদায় করলে গ) যাকাত দিলে ঘ) আকিকা দিলে

১০। মুক্তা নামাজের জন্য নিয়ত করার পর শরীরের কোথায় হাত বাঁধবে?

ক) নাভির নিচে খ) নাভির উপরে গ) বুকের ওপরে ঘ) বুকের নিচে

১১। আকিকা শব্দের অর্থ কী?

ক) কেটে ফেলা খ) ভেঙ্গে ফেলা গ) টেনে বড় করা ঘ) জোড়া লাগানো

১২। দীর্ঘ এক মাস সিয়াম সাধনা করা হয়। এর মাধ্যমে কোনটি চর্চা হয়?

ক) মাতৃভাষার খ) দেশপ্রেমের গ) অনাহারে থাকার ঘ) বাস্তব প্রশিক্ষণ ও অনুশীলন

১৩। সালাতের আহকাম সাতটি। এগুলো পালন করতে হয় –

ক) সালাতের শেষে খ) রোজার শেষে গ) সালাতের ভিতরে ঘ) সালাত শুরু করার আগে

১৪। তুমি সালামের মাধ্যমে কোন ইবাদত শেষ করবে?

ক) হজ্ব খ) যাকাত গ) সালাত ঘ) সাওম

১৫। জাতীয় জীবনে হজ্ব কী সৃষ্টি করে?

ক) বিশ্বভ্রাতৃত্ব খ) সকলের প্রতি মায়া গ) ভালো কাজের মনোভাব ঘ) মুসলমানদের প্রতি ভালোবাসা

১৬। ইবাদত বলতে বুঝায় –

ক) পৃথিবীতে শান্তিতে বসবাস করা খ) আল্লাহর আনুগত্য করা গ) নামাজ আদায় করা ঘ) রমজানে রোজা রাখা

১৭। ইসলাম কয়টি রুকন এর উপর প্রতিষ্ঠিত?

ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) ছয়টি

১৮। খাবার শেষে মুখ পরিষ্কার করা প্রয়োজন । কারণ –

ক) পবিত্র থাকতে খ) সবাই প্রশংসা করবে গ) সহজে হজম করতে ঘ) পরিচ্ছন্নতা ইমানের অঙ্গ

১৯। “তোমরা পিতামাতার সাথে সদ্ব্যবহার কর” কে বলেছেন?

ক) মহান আল্লাহ খ) মহনবি (সঃ) গ) আবু বকর ( রাঃ) ঘ) ইমাম গাযযালী

২০। যার মধ্যে সততার মহৎ গুণটি রয়েছে তাকে কী বলা হয়?

ক) ভাগ্যবান ব্যক্তি খ) সৎ ব্যক্তি গ) হৃদয়বান ব্যক্তি ঘ) সাহসী ব্যক্তি

২১। কোনটির ওপর সাধারণত মানুষের কোন হাত থাকে না?

ক) সামাজিক পরিবেশের খ) প্রাকৃতিক পরিবেশের গ) উপকূলবর্তী অঞ্চলের ঘ) প্রাকৃতিক দুর্যোগের

২২। সুন্দর স্বভাব ও ভাল চরিত্রকে কী বলে?

ক) আখলাক খ) সত্যবাদী গ) মুমিন ঘ) কাফেলা

২৩। “দেশপ্রেম ইমানের অঙ্গ” । উক্তিটি কার?

ক) মহানবি (সঃ) খ) জ্ঞানীদের গ) আবু বকর (রাঃ) ঘ) হযরত ওমর (রাঃ)

২৪। আমাদের সুস্থ্যতা ও সুখ সমৃদ্ধির জন্য আল্লাহর কাছে দোয়া করেন –

ক) পাড়া প্রতিবেশী খ) পিতামাতা গ) আত্মীয়স্বজন ঘ) সৎ মা

২৫। আমরা জাতীয় সম্পদ সংরক্ষণ করব কেন?

ক) ভোগ করতে খ) উন্নতি করতে গ) নাগরিক বলে ঘ) দেশপ্রেমের জন্য

২৬। “মানুষ যা চেষ্টা করে তাই পায়” – এটি কার উক্তি?

ক) মানুষের খ) আল্লাহ তায়ালার গ) মহানবি (সঃ) এর ঘ) ফেরেশতাগণের

২৭। কুরবানির কোনটি আল্লাহর কাছে পৌঁছায়?

ক) তাকওয়া খ) কুরবানির পশুর রক্ত গ) কুরবানির পশুর মাংস ঘ) কুরবানির পশুর চামড়া

২৮। আরবি কোন মাসে কুরআন মজিদ নাজিল হয়?

ক) মহররম মাসে খ) রবিউল আউয়াল মাসে গ) রমজান মাসে ঘ) জিলহজ মাসে

২৯। কমপক্ষে এক আলিফ পরিমাণ লম্বা করতে হয় কোথায়?

ক) ঈদগামে খ) মাখরাজে গ) গুন্নাহর স্থলে ঘ) কোথাও না

৩০। কুরআন মজিদ ব্যবহৃত ০ (গোল) চিহ্ন দ্বারা নির্দেশ হয়েছে –

ক) আবশ্যিক বিরতি খ) পূর্ণ বিরতি গ) অল্প বিরতি ঘ) না থামা

৩১। “আসক্তি আছে তাদের শীত ও গ্রীষ্ম সফরে” । কোন সূরার আয়াতে বলা হয়েছে?

ক) ফীল খ) কুরাইশ গ) ইখলাস ঘ) নাস

৩২। আরবী হরফ উচ্চারণের স্থানকে কী বলে?

ক) তাশদীদ খ) গুন্নাহ গ) ইদগাম ঘ) মাখরাজ

৩৩। কালাম অর্থ –

ক) শব্দ খ) বাণী গ) ভাষা ঘ) তাশদীদ

৩৪। মাখরাজ, গুন্নাহ্‌, ইদগাম ইত্যাদির বিবরণ থাকে –

ক) হরকতে খ) তাজবিদে গ) তাশদীদে ঘ) ওয়াকফে

৩৫। সূরা ফীল সম্পর্কে নিচের কোন তথ্যটি সঠিক?

ক) এর আয়াত সংখ্যা ছয় খ) এটি মাক্কি গ) এটি মাক্কি, আয়াত সংখ্যা ৫ ঘ) এটি মাদানী, আয়াত সংখ্যা ৬

৩৬। আরবি ২৯টি বর্ণ কতটি স্থান থেকে উচ্চারিত হয়?

ক) ১৭টি খ) ১৫টি গ) ১৯টি ঘ) ২০টি

৩৭। হযরত দাউদ (আ) এর বিচার ব্যবস্থা কেমন ছিল?

ক) জটিল খ) নিরপেক্ষ গ) সাধারণ ঘ) পক্ষপাতিত্ব

৩৮। মহানবি (সঃ) ও খাদিজার (রাঃ) মধ্যে বয়সের ব্যবধান ছিল –

ক) ১০ বছর খ) ১৫ বছর গ) ২০ বছর ঘ) ২৫ বছর

৩৯। মক্কা বিজয়ের পর মহানবি (সঃ) এর কীরূপ আচরণ প্রতিফলিত হয়েছিল?

ক) ক্ষমা খ) ঘৃণা গ) প্রতিদান ঘ) প্রতিশোধ

৪০। বদর যুদ্ধে মুসলিম বাহিনী বিজয় হওয়ার কারণ কী?

ক) তাঁদের বুদ্ধি বেশি ছিল বলে খ) তাঁদের অস্ত্রশস্ত্র বেশি বলে
গ) তাঁরা ইমানের বলে বলীয়ান ছিল বলে ঘ) তাঁদের সংখ্যা বেশি ছিল বলে

৪১। ‘হালিমুল’ শব্দের অর্থ –

ক) ধৈর্যশীল খ) সহনশীল গ) ক্ষমাশীল ঘ) দয়াশীল

৪২। কবরে সওয়াল জওয়াব হবে কয়টি বিষয়ে?

ক) দুইটি খ) তিনটি গ) চারটি ঘ) পাঁচটি

৪৩। যাকাতের মাসারিফ কয়টি?

ক) চারটি খ) সাতটি গ) আটটি ঘ) নয়টি

৪৪। ইসলামের দ্বিতীয় রুকন কী?

ক) ইমাম খ) সালাত গ) সাওম ঘ) হজ

৪৫। সততা মানে কি?

ক) ধৈর্যধারণ খ) সরলতা গ) সাধুতা ঘ) বিরোধীতা

৪৬। ভালো কাজে একে অপরকে কী করবে?

ক) ধমক দেবে খ) মারবে গ) শাসন করবে ঘ) সহযোগিতা করবে

৪৭। কুরআন মজিদের ভাষা –

ক) ফারসি　　খ) উর্দু　　গ) আরবি　　ঘ) ইংরেজি

৪৮। মদিনা সনদে কতটি ধারা ছিল?

ক) ৪৫　　খ) ৪৬　　গ) ৪৭　　ঘ) ৪৮

৪৯। হযরত ইবরাহীম (আ) – এর পিতার নাম কী?

ক) আযম　　খ) হাতেম　　গ) আজর　　ঘ) আমর

৫০। কত খ্রিষ্টাব্দে বদরের যুদ্ধ সংঘটিত হয়?

ক) ৬২২　　খ) ৬২৪　　গ) ৬২৫　　ঘ) ৬২৮

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১×১৫=১৫**

ক) আমরা কিভাবে আল্লাহর আনুগত্য প্রকাশ করব?

খ) আখিরাতের প্রথম ধাপ কী?

গ) রিসালাত কী?

ঘ) সালাতের নিষিদ্ধ সময়গুলো কী কী?

ঙ) যাকাতের মাসারিফ কয়টি?

চ) যার মধ্যে সততা আছে তাকে কী বলে?

ছ) আমরা পিতামাতার সাথে কীরূপ ব্যবহার করব?

জ) কুরআন মজিদে কাফেরদের নামে একটি সূরার নাম আছে। এ সূরাটির নাম কী?

ঝ) আমরা কেন কুরআন তিলাওয়াতের সময় ওয়াকফ করব?

ঞ) কেন হযরত দাউদ (আঃ) ছদ্মবেশে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াতেন?

ট) ক্ষমাশীল ব্যক্তি কে?

ঠ) আনসার কারা?

ড) মহানবি (সঃ) শ্রমিকদের পারিশ্রমিক সম্পর্কে কী বলেছেন?

ঢ) কণ্ঠনালির হরফ কয়টি?

ণ) হযরত মুহাম্মদ (সঃ) – এর গঠিত সংঘের নাম কী?

৩। ক থেকে জ পর্যন্ত প্রশ্নগুলো থেকে যে কোন ৬টি এবং ঝ ওঞ নং প্রশ্ন দুটি থেকে যে কোন ১টি প্রশ্নের উত্তর লেখ: ৫×৭=৩৫

ক) সারা বিশ্বের পালনকর্তা কে? তার লালন পালনের পদ্ধতি চারটি বাক্যে লিখ।

খ) প্রকৃত ইমানদার হওয়ার জন্য তুমি কী করবে? পাঁচটি বাক্যে লিখ।

গ) সালাতের আরকান কী? সালাতের আরকানগুলো লিখ।

ঘ) প্রাকৃতিক দুর্যোগ থেকে বাঁচার পাঁচটি কৌশল উল্লেখ কর।

ঙ) মন্দ কাজ কাকে বলে? আমরা কোন মন্দ কাজ থেকে দূরে থাকব চারটি বাক্যে উল্লেখ কর।

চ) কুরআন মজিদ কার বাণী? কুরআন মজিদ তিলাওয়াতের উদ্দেশ্য কয়টি ও কী কী?

ছ) রোজা রাখলে কী উপকার হয় পাঁচটি বাক্যে লিখ।

জ) হযরত মুহাম্মদ (সঃ) – এর জন্মের সময় আরবের অবস্থা কেমন ছিল? পাঁচটি বাক্যে লিখ।

ঝ) মসজিদের ৫টি আদব লিখ।

ঞ) 'সূরা ফীল' এর অর্থ লিখ।